



নিরাপত্তা শঙ্কায় সাময়িক স্থগিত ঢাকার ভারতীয় ভিসা সেন্টারের কার্যক্রম



সংগৃহীত ছবি

উদ্ভূত নিরাপত্তা পরিস্থিতির প্রেক্ষিতে ঢাকার যমুনা ফিউচার পার্কে অবস্থিত ভারতীয় ভিসা সেন্টার বুধবার দুপুর ২টার পর থেকে সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। এ সময়ের নির্ধারিত আবেদনকারীদের জন্য পরবর্তী সময়ে নতুন তারিখ ঘোষণা করা হবে।

নিরাপত্তা শঙ্কায় বুধবার (১৭ ডিসেম্বর) দুপুর ২টা থেকে ঢাকার যমুনা ফিউচার পার্কে থাকা ভারতীয় ভিসা সেন্টার (আইভিএসি-জেএফপি) তাদের সব ধরনের কার্যক্রম স্থগিত করেছে। এ সংক্রান্ত একটি নোটিশ আইভিএসি বাংলাদেশের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

নোটিশে জানানো হয়, বর্তমান নিরাপত্তা পরিস্থিতি বিবেচনায় নিয়ে দুপুর ২টার পর আর কোনো আবেদন গ্রহণ বা সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করা হবে না। তবে যেসব আবেদনকারীর এ সময়ের মধ্যে সেবা গ্রহণের কথা ছিল, তাদের জন্য পরবর্তীতে নতুন সময়সূচি নির্ধারণ করে জানানো হবে বলে উল্লেখ করা হয়েছে।

প্রসঙ্গত, একই দিন রাজধানীতে ‘মার্চ টু হাইকমিশন’ কর্মসূচি পালনের ঘোষণা দেয় ‘জুলাই ঐক্য’ নামে একটি ঐক্যবদ্ধ মার্চ। ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ বিভিন্ন হত্যাকাণ্ডে জড়িতদের দেশে ফিরিয়ে আনার দাবি এবং ভারতীয় প্রভাবিত রাজনৈতিক দল, গণমাধ্যম ও কিছু সরকারি কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগের প্রতিবাদে এই কর্মসূচি আয়োজন করা হয়েছে।

ঘোষণা অনুযায়ী, বুধবার বিকাল ৩টায় রাজধানীর রামপুরা ব্রিজ এলাকা থেকে কর্মসূচি শুরু হওয়ার কথা। এর আগে মঙ্গলবার (১৬ ডিসেম্বর) সন্ধ্যায় এক বিজ্ঞপ্তির মাধ্যমে আয়োজকরা বিষয়টি নিশ্চিত করেন।